

ঢাকা ওয়াসা

বিষয়:- ২০২৫-২০২৬ অর্থ বছরে ঠিকাদারী লাইসেন্স তালিকাভুক্তি, তালিকাভুক্ত ঠিকাদারী লাইসেন্স নবায়ন ও শ্রেণী উন্নীতকরণের জন্য প্রাপ্ত আবেদন ফরম যাচাই-বাছাই, ডাটাবেজ প্রস্তুতকরণ ও সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অভ্যন্তরীণ বাছাই কমিটির বিভিন্ন ব্যয় বাবদ ৫৮,৪৪০/- টাকা অস্থায়ী অগ্রিম অনুমোদন প্রসঙ্গে।

১৯। নথিতে সংযুক্ত পত্র ক্রমিক নং-৪৭ সদয় দেখা যেতে পারে। ২০২৫-২০২৬ অর্থ বছরে ঠিকাদারী লাইসেন্স তালিকাভুক্তি, তালিকাভুক্ত ঠিকাদারী লাইসেন্স নবায়ন ও শ্রেণী উন্নীতকরণের জন্য গত ১৭/০৭/২০২৫ তারিখে ওয়েবসাইটে ও ৩টি জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন জমা দেয়ার শেষ তারিখ ২১/০৮/২০২৫ তারিখ। শেষ তারিখ পর্যন্ত ১,৯৪৮টি আবেদন জমা পড়েছে। এ বিষয়ে শীঘ্রই ঢাকা ওয়াসার ঠিকাদার এনলিস্টমেন্ট কমিটির সভা আহ্বান করা হবে। এই বিশাল পরিমাণ আবেদন কমিটিতে উপস্থাপনের পূর্বে প্রাপ্ত আবেদন ফরমসমূহ যাচাই-বাছাই, ডাটাবেজ প্রস্তুতকরণ ও সংশ্লিষ্ট সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য নিম্নোক্তভাবে একটি অভ্যন্তরীণ বাছাই কমিটি গঠন করা যেতে পারে:-

ক্রঃ নং	পদবী	মন্তব্য
০১.	সহকারী সচিব	যাচাই-বাছাই ও ডাটাবেজ তৈরী তদারককারী
০২.	অফিস সুপারিনটেনডেন্ট	ঐ
০৩.	কম্পিউটার অপারেটর	যাচাই-বাছাই ও ডাটাবেজ তৈরীর কাজ
০৪.	উচ্চমান সহকারী	ঐ
০৫.	অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর	ঐ
০৬.	অফিস সহায়ক	অফিস সহায়ক এর কাজ

২০। কমিটির কার্যপরিধি:- গঠিত অভ্যন্তরীণ বাছাই কমিটি প্রাপ্ত আবেদন ফরমসমূহ যাচাই-বাছাই, ডাটাবেজ প্রস্তুতকরণ ও সংশ্লিষ্ট সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করে উপ-সচিব, প্রশাসন বিভাগ-২, ঢাকা ওয়াসা ও সদস্য-সচিব, ঠিকাদার এনলিস্টমেন্ট কমিটি বরাবর উপস্থাপন করবে। যাচাই-বাছাই, ডাটাবেজ প্রস্তুতকরণ ও সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত কমিটির সদস্যবৃন্দকে অফিস সময়ের পর এবং সাপ্তাহিক ছুটির দিন ও অন্যান্য সরকারী ছুটির দিনেও রাত অবধি কাজ করতে হবে। এতে সদস্যগণের অফিস সময়ের পর বাসায় যাওয়া, ছুটির দিনে অফিসে আসা-যাওয়া, নাস্তা, দুপুরের খাবার এবং যাচাই-বাছাই ও ডাটাবেজ প্রস্তুতকরণ ও আনুসঙ্গিক কাজের জন্য প্রয়োজনীয় মালামাল ক্রয় করতে হবে। এ প্রেক্ষিতে উক্ত কাজের জন্য প্রতিটি আবেদন ফরম এর ব্যয় বাবদ ৩০/- টাকা হারে ১,৯৪৮টি আবেদন ফরম এর বিপরীতে সর্বমোট $(১,৯৪৮ \times ৩০) = ৫৮,৪৪০/-$ টাকা অস্থায়ী অগ্রিম অনুমোদন করা প্রয়োজন।

২১। এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে নিম্নোক্ত প্রস্তাব পেশ করা হলো:-


(ক) ২০২৫-২০২৬ অর্থ বছরে ঠিকাদারী লাইসেন্স তালিকাভুক্তি, তালিকাভুক্ত ঠিকাদারী লাইসেন্স নবায়ন ও শ্রেণী উন্নীতকরণের জন্য প্রাপ্ত আবেদন ফরমসমূহ যাচাই-বাছাই, ডাটাবেজ প্রস্তুতকরণ ও সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অনুচ্ছেদ নং-২০ এর বর্ণনা মোতাবেক ৫৮,৪৪০/- (আটাল্ল হাজার চারশত চল্লিশ) টাকা উপ-সচিব, প্রশাসন বিভাগ-২ এর অনুকূলে অস্থায়ী অগ্রিম হিসেবে অনুমোদন করা যেতে পারে।

(খ) একইসাথে গঠিত কমিটির সদস্যগণের যাচাই-বাছাই ও ডাটাবেজ প্রস্তুতকরণ কাজের জন্য প্রয়োজনীয় খরচ হিসেবে পরবর্তীতে প্রাপ্ত প্রতিটি আবেদন ফরম এর ব্যয় বাবদ ৩০/- টাকা হারে সংশ্লিষ্ট কমিটিকে প্রদান করা যেতে পারে। যার পূর্বানুমোদন প্রয়োজন।


এমতাবস্থায়, প্রস্তাব 'ক' ও 'খ' সদয় অনুমোদনের জন্য পেশ করা হলো।


Alu

২৬/০৮/২৩


২৬/৮/২৩
০৫(A-২)


২৬/৮/২৩
AS-L
অবুল কুমার পোদ্দার
সহকারী সচিব
প্রশাসন বিভাগ-২
ঢাকা ওয়াশা।



২৬/০৮/২৩
DS(A/HR & Admin)
উপ-সচিব (চ-২)
প্রশাসন বিভাগ-২
ঢাকা ওয়াশা।


২৬/০৮/২৩
সচিব sir
মোঃ মশিউর রহমান খান
সচিব
ঢাকা ওয়াশা।


DMD(HR & Admin)


(প্রতিবন্ধক কর্মকর্তা)

মোট আবেদন ২২-২২ মধ্য অনুমোদন করা যাবে সাহেব।
চিকিৎসা মহাসচিব কার্যালয় কর্তৃক নির্মিত কার্যক্রম
২০২৪-২০২৫ অর্থ বছরে প্রতিটি আবেদন হারে = ২০/- টাকা
মোট অনুমোদন হীন চিহ্নিত = ২০/- টাকা (সাঁচন)
মোট মধ্য অনুমোদন করা যাবে সাহেব।


২৬/০৮/২০২৩

মো: আমিরুল ইসলাম
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াশা


২৬/০৮/২৩
সচিব


২৬.০৮.২৩
কাজী সাজ্জাদ মাহমুদ
মোঃ শাহজাহান মিয়া
অতিরিক্ত সচিব
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াশা।

DS-A2